

মূল পাতা

যোগাযোগ

লগ-ইন করুন

নিবন্ধিত হোন

 ঢাকা, মঙ্গলবার, ২৬ ফেব্রুয়ারি ২০০৮, ১৪ ফাল্গুন ১৪১৪, ১৮ সফর ১৪২৯  
 বর্ষ ১০, সংখ্যা ১১১, আপডেট : বাংলাদেশ রাত ২টা ৪৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলাম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর

ফিচার পাতা

- ▶ নকশা

## সম্পাদকীয়/উপসম্পাদকীয়

+ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

### মানিকগঞ্জে কমিউনিটি পুলিশের সাফল্য

#### এ ধরনের কার্যক্রম সারা দেশেই চালু করা যেতে পারে

গত বছরের অক্টোবর থেকে মানিকগঞ্জে কমিউনিটি পুলিশের কার্যক্রম শুরু হয়েছে। এরই মধ্যে মানিকগঞ্জের মানুষ তার সুফল পেতে শুরু করেছে। মাদক সেবন ও বিভিন্ন অপরাধের মাত্রা কমে গেছে; কমেছে পারিবারিক ও সামাজিক বিরোধ নিয়ে মামলা-মোকদ্দমার সংখ্যাও।

প্রথম আলোয় গত সোমবার প্রকাশিত প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০০৬ সালের অক্টোবর থেকে পরবর্তী জানুয়ারি পর্যন্ত জেলায় নারী নির্যাতন-সংক্রান্ত মামলার সংখ্যা ছিল ৪৩। অথচ এ বছরের জানুয়ারি পর্যন্ত একই সময়ে নারী নির্যাতনের মামলা হয়েছে ২১টি। কমিউনিটি পুলিশের হস্তক্ষেপে আদালতে যাওয়ার আগেই অনেক বিরোধের নিষ্পত্তি হয়ে যাচ্ছে।

বাংলাদেশে যত বিরোধ আছে, জমিজমা-সংক্রান্ত বিরোধই তার মধ্যে প্রধান। আদালতেও মামলার সংখ্যা অনেক বেশি। এ কারণে সৃষ্ট সংঘর্ষে প্রতিনিয়ত বহু মানুষ হতাহত হচ্ছে। মামলা-মোকদ্দমা চলিয়েও বহু পরিবার পথে বসছে। তাই এ ক্ষেত্রে কমিউনিটি পুলিশ যদি কিছুটা হলেও ভূমিকা রাখতে পারে, তা সমাজে ব্যাপক প্রভাব ফেলবে।

তা ছাড়া বাংলাদেশে জনসংখ্যার তুলনায় পুলিশের সংখ্যা অতি নগণ্য। গুরুতর অপরাধ দমনেই তারা হিমশিম খায়। ছোটখাটো অপরাধ বা সামাজিক সমস্যায় মনোযোগ দেওয়ার মতো সময় তাদের হাতে কম থাকে। সে ক্ষেত্রে কমিউনিটি পুলিশকে যথার্থ অর্থে কাজে লাগিয়ে অপরাধ দমনের পাশাপাশি অন্যান্য ক্ষেত্রেও বিরাট ভূমিকা রাখা সম্ভব।

প্রতিবেদনে উল্লেখ করা হয়, গত পাঁচ মাসে ঢাকা-আরিচা সড়কে দুর্ঘটনার সংখ্যাও অনেক কমে গেছে। এর কারণ, সড়কের মানিকগঞ্জ অংশে ১৩টি পয়েন্টে কমিউনিটি ট্রাফিক পুলিশ দায়িত্ব পালন করছে। তারা যান চলাচল নিয়ন্ত্রণের পাশাপাশি পথচারীদের রাস্তা পারাপারে সহায়তা করছে।

▶ আলোকিত চট্টগ্রাম

বিশেষ প্রতিবেদন

অমর একুশে সংখ্যা

⊗ আরো যা আছে

⊗ সকল ফিচার পাতা

⊗ পুরনো সংখ্যা

⊗ আমাদের কথা

⊗ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন

১৫১১২৩

জন পাঠক

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

জেলার ৬৫টি ইউনিয়নে কমিউনিটি পুলিশের এক হাজার ২৮৭টি কমিটি রয়েছে। কমিটিগুলোর আহ্বায়ক করা হয়েছে শিক্ষক, আইনজীবী কিংবা সমাজের গণ্যমান্য কোনো ব্যক্তিকে। তাঁরাই পরিচালনা করেন জেলায় কমিউনিটি পুলিশের ১২ হাজার সদস্যকে। মানিকগঞ্জের এ উদাহরণ সত্যি আশাব্যঞ্জক। সারা দেশেই এ ধরনের পুলিশি কার্যক্রম চালু করার বিষয়টি সরকার গুরুত্ব দিয়ে ভেবে দেখতে পারে।

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

**Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.**

News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.

Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Copyright 2005, All rights reserved by **Prothom-**

**Alo.com**

**Privacy Policy | Terms & Conditions**